76

দৈনিক ইনকিলাব

তারিখ 11 MAY 1997
পৃষ্ঠা ২ কলাম ৪

### ক্যাম্পাসে উত্তেজনা ঃ ফের সংঘর্ষের আশঙ্কা

# ছাত্র দলের ডাকে আজ ঢাকা ভার্সিটিতে ছাত্র ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ ছাত্র ধর্মঘট। ছাত্র দল নেতাদের উপর ছাত্র লীগের হামলা ও ছাত্র সমাজের গুলী বর্ষণের প্রতিবাদ এবং বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের পদত্যাগের দাবীতে ছাত্র দল এ ধর্মঘট আহবান করেছে। শুক্রবারের সন্ত্রাসী ঘটনার পর উত্তপ্ত ক্যাম্পাসে গতকাল চরম উত্তেজনা বিরাজ করে। আতঙ্কময় ক্যাম্পাসে ডাকসু ভবনের সামনে ছাত্র দল, কলাভবন বটতলায় ছাত্র লীগ ও অপরাজেয় বাংলা চত্বরে গণতান্ত্রিক ছাত্র ঐক্য সমাবেশ করে। ৪টি মাইক্রোবাসে আরোহী প্রায় অর্ধশত সাদা পোশাকে অস্ত্রধারী গোয়েন্দা পুলিশ এবং আরো অর্ধশত পোশাকধারী পুলিশ ছাত্র দলের সমাবেশটিকে ঘিরে রাখে। ছাত্র দল ও ছাত্র লীগের নেতারা অত্যন্ত আক্রমণাত্মক ভাষায় বক্তব্য রাখেন। গণতান্ত্রিক ছাত্র ঐক্য নেতৃবৃন্দ জাতীয় ছাত্র সমাজকে ক্যাম্পাসে প্রতিরোধের ঘোষণা দেন। জাতীয় ছাত্র সমাজ কর্মীরা গতকাল ক্যাম্পাসে আসেনি। আজকের ধর্মঘটকে কেন্দ্র করে ক্যাম্পাসে থমথমে পরিস্থিতি বিরাজ করছে। যেকোন মুহূর্তে আবারও রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে।

এদিকে শুক্রবার ক্যাম্পাসে ছাত্র দল কর্মীদের উপর ছাত্র সমাজের গুলী বর্ষণ, ছাত্র দল নেতাদের আহত করা সহ প্রক্টর অফিসে সন্ত্রাসী ঘটনা তদন্তে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি তদন্ত কমিটি গঠন করেছে। গত রাতে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর শামসুল হককে প্রধান করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহ-সভাপতি প্রফেসর আমিনুর রশিদ ও সিণ্ডিকেট সদস্য ডঃ আবদুল আজিজকে সদস্য এবং বাংলা বিভাগের ডঃ রফিক উল্লাহ খানকে সদস্য সচিব করে ৪ সদস্যের এ তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে।

শুক্রবারের সন্ত্রাসী ঘটনার পর গতকাল সকালে ভিসি ছাত্র নেতাদের সাথে কথা বলেন। ভিসি তাদের পৃথক স্থানে শান্তিপূর্ণ সমাবেশ করতে বলেন। কিন্তু ক্যাম্পাসে স্মরণকালের সবচেয়ে বেশী পুলিশী প্রহরা মোতায়েন করা হয় ছাত্র দলের সমাবেশে। স্বয়ং মহানগর গোয়েন্দা পুলিশ প্রধান এ সময় ক্যাম্পাসে উপস্থিত ছিলেন। সাদা পোশাকে পুলিশ অস্ত্র হাতে ছাত্র দলের সমাবেশের মাঝে দাঁড়িয়ে থাকে। ছাত্র লীগের সমাবেশ শেষ হবার পর ছাত্র লীগ সভাপতি এনামুল হক শামীমসহ একদল কর্মী খুব কাছে দাঁড়িয়ে

শেষ পঃ ২-এর কঃ দেখুন

## ক্যাম্পাসে উত্তেজনা

প্রথম পৃষ্ঠার পর

ছাত্র দল নেতাদের বক্তব্য শোনেন। সমাবেশ শেষে ছাত্র দল নেতারা ভিসির আহবানে ভিসি অফিসে গিয়ে ভিসির কক্ষে প্রক্টরকে দেখে ভিসির সাথে কথা বলতে অপারগতা প্রকাশ করেন। তারা বলেন, যে প্রক্টর অস্ত্রধারীদের আশ্রয় দেয় তাকে সঙ্গে রেখে কোন আলোচনা হতে পারে না। ফলে ভিসি প্রক্টর ডঃ নূরুন্নবীকে তার কক্ষের বাইরে যেতে বলেন। পরে ভিসি সিদ্ধান্ত পরিবর্তন করে প্রক্টরকে তার কক্ষে বসিয়ে ছাত্র দল নেতাদের নিয়ে পাশের লাউঞ্জে গিয়ে আলোচনা করেন। ছাত্র দল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি ও সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল ভিসিকে বলেন, প্রক্টরকে অবশ্যই পদত্যাগ করতে হবে। ছাত্র দল নেতাদের উপর হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। না হয় তারা কঠোর আন্দোলন করবে।